গল্পকার বীথির ‘সাতাশ কিলোমিটারের দাম্পত্য’ গ্রন্থের প্রকাশনা অনুষ্টান সম্পন্ন

চেম্বার ডেস্ক:: অধ্যক্ষ কবি কালাম আজাদ বলেছেন, সামাজিক জীবনঘনিষ্ঠ মানুষের জীবনের ঘটে যাওয়া প্রতিমুহূর্তে সাংসারিক। জীবন যুদ্ধ দক্ষ নাবীকের মতই শক্ত হাতে জীবনের বাস্তবচিত্র ফুটে ওঠেছে ‘সাতাশ কিলোমিটারের দাম্পত্য’ গ্রন্থে। গল্পে চরিত্রে দেখা যায় ভালোবাসা শুধু মুখে নয়, ভালোবাসা বেঁচে থাকে হৃদয়ে। জীবনে গল্পে স্পষ্ট ফুটে ওটে প্রেম বিরহ ভালোবাসা চোখ দিয়ে দেখা যায় না। অন্তর দিয়ে অনুভব করতে হয়। তার লেখা গল্পে মর্মস্পর্শ করে। সাহিত্য সংস্কৃতিতে একদিন উল্লেকযোগ্যভাবে ঠিকে থাকবে। তার বইয়ে
আবেগ ও মূল্যবোধ সার্থকতা ফুটে ওটেছে।

সিলেট সেন্টার ফর ইনফরমেশন এন্ড মাস মিডিয়া সিফডিয়া’র উদ্যোগে গল্পকার তাসলিমা খানম বীথি এর ‘সাতাশ কিলোমিটারের দাম্পত্য’ গ্রন্থের প্রকাশনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য তিনি একথা বলেন।

ভ্রমনকাহিনি লেখক মোয়াজ আফসার এর সভাপতিত্বে ১৬ মার্চ বুধবার সন্ধ্যায় কেন্দ্রীয় মুসলিম সাহিত্য সংসদের সাহিত্য আসর কক্ষে আয়োজিত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, গল্পকার সেলিম আউয়াল, কবি ও গবেষক তাবেদার রসুল বকুল, কলামিস্ট সালেহ আহমদ খসরু ও সিলেট প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক ইকবাল মাহমুদ।

কবি নাঈমা চেšধুরীর সঞ্চালনায় অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন, কলামিস্ট বেলাল আহমদ চেšধুরী, বাংলাদেশ ব্যাংকের ডিজিএম মো: জাবেদ আহমদ, কেন্দ্রীয় মুসলিম সাহিত্য সংসদের সহ সভাপতি দেওয়ান মাহমুদ রাজা চেšধুরী, এডভোকেট ছড়াকার আব্দুস সাদেক লিপন, কবি আব্দুল মুকিত অপি, সিলেট এক্সপ্রেসের ব্যবস্থাপনা পরিচালক রোটারিয়ান আব্দুল মুহিত দিদার, কবি বিমল কর, উপন্যাসিক আলেয়া

রহমান, এডভোকেট সিরাজুল ইসলাম, সিলেটের ডাক এর সিনিয়র রির্পোটার নূর আহমদ, প্রকাশক লুৎফুর রহমান তোফায়েল, কবি কানিজ আমিনা কুদ্দুস, কবি মাহফুজ জোহা, কবি জুঁই ইসলাম, আপন ঘরের সত্ত্বাধিকারী ফাহমিদা চৌধুরী, সাংবাদিক এমরান ফয়সল, কবি আব্দুল বাছিত, সাহিত্যকর্মী শেখ জাহেদ আহমদ, কবি জুবের আহমদ সার্জন, সরকারি কলেজের শিক্ষার্থী আমিনা খানম ও এমসি কলেজের সমাজবিজ্ঞানের শিক্ষার্থী ফারজানা আবেদীন প্রমুখ।

কবি সালেহ আহমদের কোরআন তেলোওয়াতে মাধ্যমে শুরুতে স্বাগত বক্তব্য রাখেন, সিলেট ফটো জার্নালিস্ট এসোসিয়েশনের সাবেক সভাপতি সিলেট এক্সপ্রেসের সম্পাদক আব্দুল বাতিন ফয়সল।

বিশেষ অতিথির বক্তব্যে গল্পকার সেলিম আউয়াল বলেন, তার সৃজনশীলতার শক্তি অনেক বেশি। আরো অনেক কিলোমিটারে যেতে হবে। অনেক প্রতিকুল পরিবেশে পরিস্থিতির সাথে লড়াই করে এগিয়ে যেতে হবে। তার মূল পরিচয় সাংবাদিকতা। তবে তাকে গল্পে তাড়িত করে। সে তাড়িত থেকেই প্রথম গল্পগ্রন্থ বের করেছে। নিজের ইচ্ছা শক্তিতে বীথি এতদূর আসতে পেরেছে। সবার ¯◌েœহ সে আরো এগিয়ে যাবে। তার এগিয়ে যাওযাটা সফল হোক। তার সফল জীবন কামনা করছি। তাকে যারা সহযোগিতা করেছে তাদের ধন্যবাদ।

বিশেষ অতিথির বক্তব্যে কবি ও গবেষক তাবেদার রসুল বকুল বলেন, একজন বাস্তবাদি পরিশ্রমী একজন তরুণ লেখক। লেখার প্রতি লেখকদের অনেক বেশি পরিশ্রমী হতে হয়। লিখে যেতে হবে। লেখার প্রতি যতœশীল হতে হয়। এক বই বের হবার পর থেমে থেমে গেলে হবে না। লেখার প্রতি সমালোচনা থাকবেই। আলোচনা ও সমালোচনা নিয়েই এগিয়ে যেতে হবে।

বিশেষ অতিথির বক্তব্যে কলামিস্ট সালেহ আহমদ খসরু বলেন, বীথি শ্রম দিয়েছে সাহিত্যে মধ্যে। সাহিত্য আসরে উপস্থাপনায় তার অবদান রয়েছে। লেখালেখি চর্চা ও সাধনা করে যেতে হবে। দীর্ঘদিন থেকে সে সাহিত্যের সাথে কাজ করছে, লিখছে। লিখে যাচ্ছে। তার প্রতিটি কাজে জড়িয়ে থাকে ভালোবাসা আন্তরিকতা। বীথি সিলেটে সাহিত্যঙ্গনে আলো ছড়াবে।

বিশেষ অতিথির বক্তব্যে সিলেট প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক ইকবাল মাহমুদ বলেন, তার বিয়ে হয়নি তবুও দাম্পত্য নিয়ে লিখতে পেরেছে গল্পকার হিসেবে এটি তার সার্থকতা। বইয়ের নামকরণেও সার্থকতা পেয়েছে। যা পাঠকের মনে দাগ কাটবে। পাঠকমহলে তার বইটি

কৌতুহল সৃষ্টি করবে। বীথি অনেক জনপ্রিয়। বীথি কাজের প্রতি খুব যতœশীল। অনেক দরদ দিয়ে কাজ করে। এই জন্য সে মানুষের আস্থা ও ভালোবাসা সবার হৃদয়ে প্রিয়ভাজন হতে পেরেছে। তার বইয়ের সংখ্যা আরো বাড়–ক। তার লেখার প্রসারতা কামনা করছি।

লেখক অনুভুতি ব্যক্ত করতে গিয়ে তরুণ লেখক গল্পকার তাসলিমা খানম বীথি বলেন, লেখালেখি অনেক আগে থেকেই করা হতো। তখনো এতটা প্রকাশিত ছিল না। সিফডিয়া কাজ করতে গিয়ে আমি সৃজনশীলতা প্রকাশ করার সুযোগ পেয়েছি। আমার কর্মজীবনে প্রতিমুহূর্ত সিফডিয়া পরিবার থেকে পাওয়া শিক্ষা আজীবন পথ চলা সঙ্গী হয়ে থাকবে। জন্মগতভাবে আমরা প্রত্যেকেই যোদ্ধা। ধুকে মরার চেয়ে সংগ্রাম করে বেঁচে থাকার মধ্যে সত্যিকার আনন্দ। ব্যর্থ হয়েছি। কিন্তু হাল ছেড়ে দেইনি। জীবনে যত চ্যালেঞ্জের সাথে হেঁটেছি। জীবন থেকে যা দিয়েছি, জীবন তারচে দ্বিগুণ ফিরিয়ে দিয়েছে আমাকে। যেকোনো ঝড়-ঝাপটায় মানুষ নিজের ক্ষমতা সম্পর্কে বুঝতে পারে। আমিও সেই সব প্রতিকূল পরিবেশ পরিস্থিতি পাড়ি দিয়ে কঠিন অবস্থায় নিজেকে টিকিয়ে রাখতে লড়াই করছি।